

GST গুচ্ছভুক্ত ২০২০-২০২১ শিক্ষাবর্ষে এ-ইউনিটের ১ম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত



১৭ অক্টোবর ২০২১-রবিবার দুপুর ১২টা হতে ১টা পর্যন্ত GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত ২০টি বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে এ-ইউনিটের স্নাতক (সম্মান) ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে সমন্বিতভাবে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

এ-ইউনিটের ভর্তি পরীক্ষায় ২৬টি কেন্দ্রে মোট পরীক্ষার্থী সংখ্যা ১,৩১,৯০১ (এক লাখ একত্রিশ হাজার নয়শত এক) জন তন্মধ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রে ১০,৯১৫ (দশ হাজার নয়শত পনের) জন পরীক্ষার্থীর আসন বিন্যাস করা হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা চলাকালীন সময়ে GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি কমিটি ২০২০-২০২১-এর যুগ্ম আহ্বায়ক জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বিভিন্ন হল পরিদর্শন করেন। এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, রেজিস্ট্রার, পরিচালক (ছাত্র-কল্যাণ), প্রক্টর ও সহকারী প্রক্টরসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।